

গাবি উপাচার্যের পদত্যাগ দাবি সুরঞ্জিতের

■ ইত্তেফাক রিপোর্ট

আওয়ামী লীগের উপদেষ্টামণ্ডলীর সদস্য এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি সুরঞ্জিত সেনগুপ্ত শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগ দাবি করে বলেছেন, যে বিশ্ববিদ্যালয়ের ভিসি নিজের স্বার্থে ছাত্রদের ব্যবহার করে তার বিশ্ববিদ্যালয়ের দায়িত্বে থাকার কোন নৈতিক ভিত্তি নেই।

গতকাল সোমবার, কাকরাইলের ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে আলোচনা সভায় তিনি আরো বলেন, শিক্ষকদের ওপর হামলার ঘটনায় ছাত্রলীগ জড়িয়ে পড়ায় বিব্রত আওয়ামী লীগ। আমি মনে করি ছাত্রলীগের কেন্দ্রীয় নেতাদের এই বিষয়ে ব্যবস্থা নেয়া উচিত।

সুরঞ্জিত সেনগুপ্ত বলেন, এর আগেও মন্ত্রণালয় শিক্ষকদের সমস্যার সমাধান করেছিলো। এখনও শিক্ষামন্ত্রীর উচিত ভাড়াপতিতে সিলেট গিয়ে সমস্যার সমাধান করা। বসবন্ধু একাডেমির উপদেষ্টা হাজি মো. সেলিম এমপির সভাপতিতে সভায় আরো বক্তব্য রাখেন সাম্যবাদী দলের নেতা হারুন চৌধুরী ও সংগঠনের নেতারা।